


ঈদ পরবর্তী
মিলন মেলাঃ ২০২৩











মুমিনরাই হবেন মুমিনদের প্রকৃত বন্ধু।

“আল্লাহ তা‘আলা বলেন: তাদের জন্য আমার মহব্বত (ভালোবাসা) নিশ্চিত হয়ে যায়, যারা আমার জন্যই একে অপরকে ভালোবাসে; আবার তাদের জন্যও আমার মহব্বত নিশ্চিত হয়ে যায়, যারা আমার কারণেই একে অপরকে সাহায্য করে।”

আহমাদ ও হাকেম সহিহ

আল্লাহ তা‘আলা বলেন, “তোমাদের বন্ধু কেবল আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনগণ, যারা সালাত কায়েম করে এবং যাকাত প্রদান করে বিনীত হয়ে।”

[সূরা আল-মায়েদা: ৫৫]

“যে ব্যক্তি আল্লাহর জন্য কাউকে ভালোবাসল, আল্লাহর জন্য কাউকে ঘৃণা করল, আল্লাহর জন্য কাউকে দান করল এবং আল্লাহর জন্য কাউকে দান করা থেকে বিরত থাকল, সে ব্যক্তি নিজ ঈমানকে পূর্ণতা দান করল।”

আবূ দাউদ: ৪৬৮৩

“আরশের চারিপাশে কতগুলো নূরের মিম্বার রয়েছে, যেগুলোর উপর একদল লোক অবস্থান করবে, যাদের পোশাকে নূর এবং চেহারাতেও নূর, তারা নবী নন এবং শহীদও নন, তাদের প্রতি ঈর্ষা করবে নবী ও শহীদগণ;

সাহাবীগণ বললেন: হে আল্লাহর রাসূল! আমাদের জন্য তাদের একটা বর্ণনা পেশ করুন;

তখন তিনি বললেন: তারা হলেন আল্লাহ তা‘আলার উদ্দেশ্যে একে অপরকে মহব্বতকারী, পরস্পর আল্লাহ তা‘আলার উদ্দেশ্য বন্ধুত্ব স্থাপনকারী এবং আল্লাহ তা‘আলার উদ্দেশ্যে একে অপরের সাথে সাক্ষাৎকারী।”

নাসায়ী, আস-সুনান আল-কুবরা এবং হাদিসটি সহীহ।

এরূপ সাত ব্যক্তিকে সেদিন আল্লাহ তা‘আলা তাঁর সুশীতল ছায়ায় স্থান দিবেন, যেদিন তাঁর ছায়া ব্যতীত আর কোনো ছায়া থাকবে না:

১. ন্যায় বিচারক ইমাম বা নেতা;

২. মহান আল্লাহর ইবাদতে মশগুল যুবক;

৩. মাসজিদের সাথে সম্পর্কযুক্ত হৃদয়ের অধিকারী ব্যক্তি— যখন সে মাসজিদ থেকে বের হয় আবার তাতে ফিরে আসা পর্যন্ত মন ব্যকুল থাকে;

৪. এমন দুই ব্যক্তি, যারা আল্লাহর সন্তুষ্টির জন্যই পরস্পর ভালোবাসার বন্ধনে আবদ্ধ হয় এবং আল্লাহর সন্তুষ্টির জন্যই তাদের বন্ধুত্বের সম্পর্ক ছিন্ন হয়ে যায়;

৫. এমন ব্যক্তি, যে নির্জনে আল্লাহকে স্মরণ করে দু’চোখের অশ্রু ঝরায়;

৬. এমন লোক, যাকে কোন সম্ভ্রান্ত সুন্দরী নারী ব্যভিচারের জন্য আহ্বান করেছে, আর তখন সে প্রস্তাব প্রত্যাখ্যান করে বলেছে: আমি তো আল্লাহকে ভয় করি;

৭. যে ব্যক্তি এমন গোপনীয়তা রক্ষা করে দান-সাদকা করে যে, তার ডান হাত কী দান করল বাম হাতও তা জানতে পারে না।”

বুখারী: ৬৪২১; মুসলিম : ২৪২৭

اللَّهُمَّ ارزُقني حُبَّكَ، وحُبَّ مَنْ يَنْفَعُني حُبُّهُ عندَك

হে আল্লাহ! আমাকে আপনার ভালোবাসা দান করুন এবং যার ভালোবাসা আপনার কাছে আমার জন্য উপকারী হয়, তার ভালোবাসাও দান করুন। (তিরমিজি : ৩৪৯১)

اَللَّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ حُبَّكَ وَحُبَّ مَنْ يُحِبُّكَ
وَالْعَمَلَ الَّذِيْ يُبَلِّغُنِي حُبَّكَ اَللَّهُمَّ اجْعَلْ حُبَّكَ
أَحَبَّ إِلَىَّ مِنْ نَفْسِيْ وَأَهْلِيْ وَمِنَ الْمَاءِ الْبَارِدِ

হে আল্লাহ! নিশ্চয়ই আমি আপনার ভালোবাসা চাই। যে আপনাকে ভালোবাসে তার ভালোবাসা চাই। এমন আমল করতে চাই যা আপনার ভালোবাসা পর্যন্ত পৌঁছে দিবে। হে আল্লাহ! আপনার ভালোবাসা আমার কাছে আমার নিজের চেয়ে, আমার পরিবারের চেয়ে এবং ঠান্ডা পানির চেয়ে বেশি প্রিয় বানিয়ে দিন।

(তিরমিজি: ৮৩৯০/ ৩৪৯০; রিয়াদুস সালিহিন : ১৪৯০)

# সর্বনাশা(সংগৃহিত কবিতা)

১।

জিহবা আমার সকল গোনাহ –
সর্বনাশের মূল,
এই জিহবা দিয়েই বলেছি মিথ্যে,
করেছি কত ভুল।

২।

অন্তরে যা ভাবনা এসেছে,
জিহবা দিয়েই করেছি তার স্বাদ পূরণ।
চলা-ফেরায় বলেছি মিথ্যে-
সবকিছুই ধরার স্বার্থে,
কখনও হয়নি আমার মুখে মিথ্যার মরণ!

৩।

দুনিয়ার যত অপকর্ম,
হেঁকেছি আমার জবানে।
অন্তরে তাই কালিমার দাগ,
অসৎ স্বপ্ন নয়নে।

৪।

ভুলে ভুলেই কেটেছে জীবন,
কোরান করেছি হেলা,
হায়ত শেষে সন্ধ্যা নামবে,
আহ্! ফুরিয়ে যাচ্ছে বেলা।
তবুও আমি মত্ত-বেহুশ –
ক্ষণ দুনিয়ার আশে,
ভাবিনি কখনও হাশরে আমি-
কি জবাব দেবো স্রষ্টার সকাশে।

৫।

বেলা শেষে অবেলায় এসে
অনুশোচনার আগুনে,
পরিতাপে মরছি আজি
কত ভুল করেছি এই জীবনে!

৬।

আমার মতো হতভাগা নেই
এই অবনির বুকে,
ক্ষমা কর প্রভু মম অপরাধ,
তারপর দিও মৃত্যুর স্বাদ
মহা-প্রলয়ে করো না আমায়
লজ্জিত লোক সম্মুখে!

# ইসলামিক কুইজ









১। কোন সূরার অপর নাম 'সূরা ফুসসিলাত'?
২। কোন সাহাবীর মৃত্যুতে আল্লাহর আরশ কেঁপে উঠেছিল?
৩। আর-রাহীকুল মাখতুম' অর্থ কি?
৪। রাসূল (সা)-কে সালাত শিক্ষা দিয়েছেন কে?
৫। সর্বপ্রথম মুসলিমগণ কোথায় হিজরত করেন এবং কখন?

১। নবী (সাঃ) এর কতজন মুআয্যিন ছিলেন?
২। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কোন সাহাবীর নিকট থেকে কুরআন তেলাওয়াত শুনেছেন?
৩। কোন সাহাবীকে তরজুমানুল কুরআন (কুরআনের অনুবাদক) ও সাইয়্যেদুল মুফাস্‌সিরীন (শ্রেষ্ঠ তাফসীরকারক) বলা হত?
৪। কোন সাহাবীর জন্য নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দুআ করেছিলেন, "হে আল্লাহ তাকে দ্বীনের গভীর জ্ঞান দান কর এবং কুরআনের তাফসীর শিক্ষা দান কর"?
৫। অন্তরের মদ বলা হয় কোন জিনিসকে?



وَ لَسَوْفَ يُعْطِيكَ رَبُّكَ فَتَرْضَىٰ ۝٥
অলাসাওফা ইয়ু'ত্বীকা রব্বুকা ফাতারদ্বোয়া {৫}
শীঘ্রই তোমার রব
তোমাকে এতো দিবেন যে
তুমি খুশি হয়ে যাবে।
- সূরা [আদ-দুহা, আয়াত নং ৫]

মানুষের 'আমল
(সপ্তাহে দু'বার)
সোমবার ও বৃহস্পতিবার
(আল্লাহর দরবারে)
উপস্থাপন করা হয় ।
_হযরত মুহাম্মাদ (সাঃ)
(সহিহ মুসলিম, হাদিস নং ৬৪৪১)




ٱلْأَخِلَّآءُ يَوْمَئِذٍۭ بَعْضُهُمْ
لِبَعْضٍ عَدُوٌّ إِلَّا ٱلْمُتَّقِينَ ۝٦٧
বন্ধুরা সেদিন একে অপরের শত্রু
হবে, তবে মুত্তাকীরা ছাড়া।
সূরা যুখরুফ ৬৭




وَٱللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ۝٥
আল্লাহ বড়ই ক্ষমাশীল,
অতি দয়ালু।
সূরা হুজুরাত | ৫




আমাদের নবী স.বলেছেন:
প্রত্যেক ভালো কাজই একটি
সাদাকাহ
সুনানে আবু দাউদ | হাদিস ৪৯৪৭
muslimlesson


# স্থান দুটোর পরিচয় ও মাহাত্ম কি?












# বলুনতো দেখি?



১. কোন জিনিসটা এগোতে পারে, পেছাতে পারে; কিন্তু কখনোই ঘোরে না?
২. কোন বিষয়টি মিনিটে একবার আছে কিন্তু বছরে একবারও নেই?
৩. কেমন করে একটি পেনসিল ঘরে রাখবে যেনো পেনসিলটিকে কেউ টপকাতে পারবে না?
৪. কোন মাসে মানুষ কম ঘুমায়?
৫. কোন ভাষায় মানুষ কথা না বলেই মনের ভাব প্রকাশ করে?
৬. কোন বিষয়টির নাম উচ্চারণ করলেই সেই বিষয়টি শেষ হয়ে যায়?
৭. তিনজন ডাক্তার বলেছেন বদরুল তাদের ছোট ভাই। বদরুল বলেছেন তার কোনোভাই নেই। কে মিথ্যে কথা বলেছে?
৮. দেয়ালের মাঝখান দিয়ে দেখার জন্য কী দরকার?



৯। একটি গাছের পাচটি পাতা, তিনটি থাকে রাত্রে এবং দুটি থাকে দিনে। বলতো উত্তর কি হবে ?..
১০। মানুষের পাঁচ আঙুল থেকেও নেই প্রাণ, বল তো জিনিসটার কী নাম?
১১। তোমাকে শুকিয়ে নিজে সে ভিজে, উত্তরটা বলো দেখি, চেষ্টা করে নিজে?
১২। বেড়ে যদি যায় একবার, কোনোভাবেই কমে না আর?
১৩। জিনিসটা একেবারেই তোমার, অথচ ব্যবহার করে অন্যে, বারবার?
১৪। হাজার বছরের পুরোনো হয়েও বয়স তার এক মাস, আমাদের মাথার ওপরই জিনিসটার বাস?
১৫। কোন নামাজে রুকু সেজদা করতে হয়না.....

‘সত্য তোমাদের রব-এর কাছ থেকে; কাজেই যার ইচ্ছা ঈমান আনুক আর যার ইচ্ছা কুফরী করুক।’[সূরা কাহাফ: ২৯]

“আর যারা হেদায়েতের পথ গ্রহণ করেছে আল্লাহ তাদের হেদায়াত বৃদ্ধি করেন এবং তাদেরকে তাদের তাকওয়া দান করেন।”
[সূরা মুহাম্মদ: ১৭]

“বলুন, ‘হে লোকসকল! অবশ্যই তোমাদের রবের কাছ থেকে তোমাদের কাছে সত্য এসেছে। কাজেই যারা সৎপথ অবলম্বন করবে তারা তো নিজেদেরই মঙ্গলের জন্য সৎপথ অবলম্বন করবে এবং যারা পথভ্রষ্ট হবে তারা তো পথভ্রষ্ট হবে নিজেদেরই ধ্বংসের জন্য এবং আমি তোমাদের উপর হাবিলদার নই।”[সূরা ইউনুস: ১০৮]

“নিশ্চয় আমরা তাকে পথ দেখিয়েছি— হয় সে কৃতজ্ঞ হবে; না হয় সে অকৃতজ্ঞ হবে।”[সূরা ইনসান: ৩]

“দ্বীন-ইসলাম গ্রহণের ব্যাপারে কোনো জোর-জবরদস্তি নেই; সত্য পথ সুস্পষ্ট হয়েছে ভ্রান্ত পথ থেকে। অতএব, যে তাগূতকে অস্বীকার করবে ও আল্লাহ্‌র উপর ঈমান আনবে সে এমন এক দৃঢ়তর রজ্জু ধারণ করল যা কখনো ভাঙ্গবে না।”
[সূরা বাক্বারা: ২৫৬]

“সে-ই সফলকাম হয়েছে যে নিজেকে পরিশুদ্ধ করেছে।”
[সূরা আশ-শামস:৯]
“আর সে-ই ব্যর্থ হয়েছে, যে নিজেকে কলুষিত করেছে।”
[সূরা আশ-শামস: ১০]

“যে ব্যক্তি কোন নেক আমল করে সেটি তার নিজের জন্যই। আর যে ব্যক্তি কোন বদ আমল করে সেটিও তার নিজের জন্যই। আপনার প্রভু বান্দাদের প্রতি জুলুমকারী নন।”[সূরা ফুস্‌সিলাত: ৪৬]

“সুস্পষ্টভাবে প্রচার করা ছাড়া রাসূলের আর কোনো দায়িত্ব নেই।”[সূরা আনকাবুত: ১৮]

সর্বশেষে সূরা লাইলের আয়াত সমূহ সামনে নিয়ে এসে চিন্তা করি---

أعوذ بالله من الشيطان الرجيم

بسم الله الرحمن الرحيم

اِنَّ سَعۡیَکُمۡ لَشَتّٰی ؕ﴿۴﴾ ৯২:৪

فَاَمَّا مَنۡ اَعۡطٰی وَ اتَّقٰی ۙ﴿۵﴾ ৯২:৫

وَ صَدَّقَ بِالۡحُسۡنٰی ۙ﴿۶﴾ ৯২:৬

فَسَنُیَسِّرُہٗ لِلۡیُسۡرٰی ؕ﴿۷﴾ ৯২:৭

নিশ্চয় তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন প্রকৃতির।
কাজেই কেউ দান করলে, তাকওয়া অবলম্বন করলে,
এবং যা উত্তম তা সত্য বলে গ্রহণ করলে,
আমরা তার জন্য সুগম করে দেব সহজ পথ।

সূরা লাইলঃ ৪-৭

أعوذ بالله من الشيطان الرجيم

بسم الله الرحمن الرحيم

وَ اَمَّا مَنۡۢ بَخِلَ وَ اسۡتَغۡنٰی ۙ﴿ ৯২:৮

وَ كَذَّبَ بِالۡحُسۡنٰی ۙ﴿۹ ৯২:৯

فَسَنُیَسِّرُہٗ لِلۡعُسۡرٰی ৯২:১০

আর কেউ কার্পণ্য করলে এবং নিজেরা অমুখাপেক্ষী মনে করলে,
আর যা উত্তম তাতে মিথ্যারোপ করলে,
তার জন্য আমরা সুগম করে দেব কঠোর পথ।

সূরা লাইলঃ ৮-১০



# অগ্রপ্রাণে চলবো আমি (সংগৃহিত কবিতা)

আল্লাহ যদি হয় গো আমার
চাইনা তো আর কিছু,
এই দুনিয়া থাক পড়ে থাক
সব রয়ে যাক পিছু।

অগ্রপ্রাণে চলবো আমি
আল্লাহকে পেয়ে,
পিছুলোকে করুক গীবত
যাবো সব যাতনা সয়ে।

এই দুনিয়া চাই না আমি
চাই যে আখের ফসল,
বিলাসীতা সবই ধোকা
পরকালই আসল।

সব বুঝেছি, তাই খুঁজেছি
পরকালের অন্ন,
এই জীবন-মরণ সবকিছুই
প্রভু তোমার জন্য।






جزاكم الله خيرا


Hadith Bukhari
الحديث مسلم
Hadith Muslim
الحديث ابو داود
الحديث النسائي
Hadith Nisai
الحديث الترمذي